

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৮১.০০৬.১৭-২৪৪

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩০  
২২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: চট্টগ্রাম জেলার সাতকানিয়া পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট স্থাপনের লক্ষ্যে জমি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: সাতকানিয়া পৌরসভা, চট্টগ্রাম এর স্মারক নং-৪৬.০০.৮২৭৫.০০০.১৮.০০২.১৪-১৫, তারিখ: ০৯ জানুয়ারি ২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে সাতকানিয়া পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট স্থাপনের লক্ষ্যে ব্যক্তি মালিকানাধীন নিয়ন্ত্রণ ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।


জেলা: চট্টগ্রাম, উপজেলা: সাতকানিয়া

মৌজা ও জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির শ্রেণী	জমির পরিমাণ	ক্রয়ের জন্য প্রস্তাবিত জমি
সোনাকানিয়া-৬৬	বিএস-১৯৮০	২৪	বাঁশঝাড়	২১ শতক	১২ শতক

২। প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন:

- (ক) প্রস্তাবিত ভূমির তফসীল, মালিকানা, বর্তমান ব্যবহার, সরকারি মৌজামূল্য ও বাজারমূল্য;  
(খ) জমি ক্রয়ের ব্যয় কিভাবে নির্বাহ করা হবে এ সংক্রান্ত পৌর পরিষদের সিদ্ধান্ত;  
(গ) বাংলাদেশ মিউনিসিপ্ল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) হতে ঋণ গ্রহণ করা হয়েছে কিনা; থাকলে গৃহীত ঋণের বিপরীতে নিয়মিত কিস্তি পরিশোধ করা হয়েছে কিনা (প্রমাণকসহ তথ্য);  
(ঘ) প্রস্তাবিত ভূমিতে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট নির্মাণের উপযোগী হবে কিনা; এবং  
(ঙ) প্রস্তাবিত ভূমিতে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট নির্মাণ করা হলে পরিবেশগত প্রভাব পড়বে কিনা;

৩। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদিসহ সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২২/০২/২০২৪  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২  
ইমেইল: [lgsaura1@lgd.gov.bd](mailto:lgsaura1@lgd.gov.bd)

উপপরিচালক  
স্থানীয় সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
চট্টগ্রাম

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মেয়র, সাতকানিয়া পৌরসভা, চট্টগ্রাম
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- অফিস কপি।